# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 16-09-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার পশ্চিমবঙ্গ, বিহার এবং অসমকে অনুপ্রবেশকারীদের হাত থেকে মুক্ত করতে প্রতিশ্রুবদ্ধ। বিহারে গতকাল এক জনসভায় তিনি বলেন, অনুপ্রবেশকারীদের দেশ ছাড়তেই হবে। প্রধানমন্ত্রী গতকাল কলকাতায় তিনদিনের কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্সেরও সূচনা করেন।

২) রাজ্য সরকার তফসিলি জাতির শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে নিয়ম শিথিল করতে চলেছে।

৩) কলকাতা হাইকোর্ট পূর্ব মেদিনীপুরের খেজুরিতে দুই বিজেপি কর্মীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় রাজ্য স্বাস্থ্য দপ্তরকে ফের নতুন করে মেডিকেল বোর্ড গঠনের নির্দেশ দিয়েছে।

৪) দক্ষিণ ২৪ পরগণার কুলতলি ও মৈপীঠে বাঘের আক্রমণে মৃত ৬ জনের পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য বন দপ্তরকে নির্দেশ কলকাতা হাইকোর্টের।

৫) তিন মাস বন্ধ থাকার পর উত্তরবঙ্গে তিনটি জাতীয় উদ্যান পর্যটকদের জন্য আজ খুলে দেওয়া হচ্ছে।

৬) এএফসি চ্যাম্পিয়ান্স লিগ টু-র গ্রুপ সি-র ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট আজ তুর্কমেনিস্তানের আহল এফ কে-র মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার পশ্চিমবঙ্গ, বিহার এবং অসমকে অনুপ্রবেশকারীদের হাত থেকে মুক্ত করতে প্রতিশ্রুবদ্ধ। তিনি গতকাল বিহারের পূর্নিয়ায় শিশা বাড়িতে এক জনসভায় বলেন, অবৈধ অনুপ্রবেশকারীদের জন্যই সীমাঞ্চল ও পূর্ব ভারতে জনবিন্যাসের সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যা সমাধানে স্বাধীনতা দিবসে লালকেল্লার প্রাকার থেকে যে ডেমোগ্রাফি মিশন গঠনের কথা তিনি ঘোষণা করেছিলেন, সেকথারও উল্লেখ করেন শ্রী মোদী।

বাইট

বিরোধী দলগুলির সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, ভোটব্যাঙ্কের রাজনীতির জন্য এরা অনুপ্রবেশকারীদের আশ্রয় ও প্রশ্রয় দিচ্ছে। তবে অনুপ্রবেশকারীদের দেশ ছাড়তেই হবে। তাদের বিরুদ্ধে সরকার উপযুক্ত ব্যবস্থা নেবে এবং দেশ তার প্রত্যক্ষ সুফল লাভ করবে বলেও শ্রী মোদী আশ্বাস দেন।

এর আগে প্রধানমন্ত্রী গতকাল কলকাতায় সেনা বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দফতরে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্সের সূচনা করেন। তিন দিনের এই সম্মেলনের মূল ভাবনা ইয়ার অব রিফর্মস : ট্রান্সফরমেশন ফর দ্য ফিউচার’ অর্থাৎ কয়েক বছরের সংস্কার আগামী দিনের রূপান্তরের ভিত্তি। সশস্ত্র বাহিনীর বিভিন্ন শাখার মধ্যে সমন্বয় বৃদ্ধি, প্রযুক্তিগত আধুনিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের বিষয়ে মত বিনিময় হবে এই সম্মেলনে।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ভারতীয় সেনার ভুয়সী প্রশংসা করে বলেন, অপারেশন ‘সিন্দুর’-এ তাঁদের ভূমিকা ছিল অনবদ্য। শুধু প্রতিরক্ষা নয়, দেশ গঠনের ক্ষেত্রেও সশস্ত্র বাহিনী গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

এছাড়াও শ্রী মোদী ‘ইন্ডিয়ান আর্মড ফোর্সেস ভিশন ২০৪৭’ এর নথি উন্মোচন করেন। এতে ভবিষ্যৎ ভারতের জন্য আধুনিক ও সদা প্রস্তুত সশস্ত্র বাহিনী গঠনের রূপরেখা নির্ধারণ করা হয়েছে।

তিনদিনের এই সম্মলনকে ঘিরে শহরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্মদিন উপলক্ষে আগামী ২১শে সেপ্টেম্বর দেশের ৭৫টি স্থানে বিশেষ ম্যারাথন বা র‍্যালির আয়োজন করা হচ্ছে। প্রায় ১০লক্ষ মানুষ এতে অংশগ্রহণ করবেন বলে জানা গেছে। তবে শিলিগুড়িতে ওইদিন অন্য একটি ক্লাবের ম্যারাথনের কারণে সেখানে র‍্যালি হবে ২২শে সেপ্টেম্বর। এর দায়িত্বে থাকবে কেন্দ্রীয় যুব মন্ত্রক।

শিলিগুড়ির দলীয় কার্যক্রম নিয়ে গতকাল এক অনুষ্ঠানে সাংসদ রাজু বিস্তা এই তথ্য জানিয়ে বলেন,এই ধরনের র‍্যালি তরুণদের উৎসাহিত করবে এবং দেশের উন্নয়নমূলক কর্মসূচিতে সবাইকে যুক্ত করবে।

---------------------

সেবা ও সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার অগ্রগতি ও উন্নতির উদ্দেশ্যে নিরন্তর কাজ করে চলেছে। আজ বিশেষ কর্মসুচী সেবা পর্বের আওতায়-মোদী সরকার দেশে পুনর্নবীকরণযোগ্য ও পরিবেশবান্ধব জ্বালানীর ক্ষেত্রে যে ইতিবাচক পরিবর্তন এনেছে তা তুলে ধরা হবে।

একটি প্রতিবেদন

---------------------

রাজ্য সরকার তফসিলি জাতির শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে নিয়ম শিথিল করতে চলেছে। নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে রাজ্য তফসিলি উপদেষ্টা পর্ষদের বৈঠক এই সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকে পর্ষদের সদস্যরা অভিযোগ করেন, শংসাপত্র যাচাইয়ের ক্ষেত্রে অনেক ন্যায্য প্রাপকের নামও বাদ চলে যাচ্ছে। ফলে তাঁরা সমস্যায় পড়ছেন এই ধরণের ঘটনা যেন আর না ঘটে, তা নিয়ে সতর্ক করে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

তফসিলি জাতিভুক্তরা যাতে ঠিক মত সরকারি পরিষেবার বিষয়ে জানতে পারেন গতকালের বৈঠকে তা নিয়ে বিশেষভাবে প্রচার করার সিদ্ধান্ত নেওয়া হয় বলেও প্রশাসনিক সূত্রে জানা গেছে।

---------------------

বেটিং অ্যাপ সংক্রান্ত তদন্তে অভিনেত্রী মিমি চক্রবর্তীকে গতকাল দিল্লিতে ইডি-র দপ্তরে ৯ ঘন্টার'ও বেশী সময় জিজ্ঞাসাবাদ করা হয়। সকাল ১১ টার আগে দিল্লির কেন্দ্রীয় দপ্তরে হাজিরা দেন তিনি। টানা ৯ ঘণ্টা জেরা শেষে রাত ১০ টার পরে তিনি সেখান থেকে বেরন।

উল্লেখ্য, বেটিং অ্যাপ-এর বিজ্ঞাপনী প্রচার সংক্রান্ত তদন্তে ওই সংস্থা অভিনেত্রীকে দিল্লির কেন্দ্রীয় দপ্তরে তলব করে।

একই বেটিং অ্যাপ কান্ডে আজ অভিনেতা অঙ্কুশ হাজরা ও অভিনেত্রী ঊর্বশী রাউতেলা কেও তলব করা হয়েছে।

---------------------

কলকাতা হাইকোর্ট,পূর্ব মেদিনীপুরের খেজুরিতে দুই বিজেপি কর্মীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় রাজ্যের স্বাস্থ্য দপ্তরকে ফের নতুন করে মেডিকেল বোর্ড গঠনের নির্দেশ দিয়েছে। বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, এসএসকেএম হাসপাতালে চিকিৎসকরা দ্বিতীয়বার

যে ময়নাতদন্ত করেছেন, সেই রির্পোটে দুজনের দেহেই একাধিক আঘাতের উল্লেখ রয়েছে। তাই নতুন বোর্ড গঠন করে ঐ রিপোর্টের বিশ্লেষণ করতে বলা হয়েছে ।

১৮ ই সেপ্টেম্বর নতুন বোর্ডকে রিপোর্ট জমা দিতে বলেছে বেঞ্চ।

---------------------

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষন ও খুনের ঘটনায় অকুস্থল পরিদর্শন করতে চেয়ে অভয়ার পরিবারের আইনজীবীদের আবেদনের শুনানি এবার দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চে হবে। আগামী সোমবার এই মামলার শুনানি। এর আগে শিয়ালদা নিম্ন আদালতের বিচারক এক্তিয়ার না থাকার কারণ দেখিয়ে এই মামলা কলকাতা হাইকোর্টে ফিরিয়ে দিয়েছিলেন। পরে হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের একক বেঞ্চও এই মামলা থেকে সরে দাঁড়ান।

উল্লেখ্য, আর জি করে ধর্ষণ ও খুনের ঘটনায় আমৃত্যু কারাদন্ডপ্রাপ্ত সঞ্জয় রায়ের ফাঁসির দাবিতে সিবিআইয়ের দায়ের করা আপিল মামলা এবং বেকসুর খালাস চেয়ে সঞ্জয়ের দায়ের করা আবেদন বর্তমানে বিচারপতি বসাকের বেঞ্চে বিচারাধীন। আগামী নভেম্বর মাসে এই দুটি মামলার শুনানি রয়েছে।

---------------------

পূর্ব মেদিনীপুরের পাশকুরার সুপার স্পেশালিটি হাসপাতালের স্বাস্থ্য কর্মীকে ধর্ষণের অভিযোগে ফেসিলিটি ম্যানেজার জাহির আব্বাস খানকে পুলিশ গ্রেপ্তার করেছে। নির্যাতিতা ঐ মহিলা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরেই জাহির আব্বাস তাকে ও বিভিন্ন মহিলা কর্মীকে কু-প্রস্তাব দিতেন। এমনকি ভয়ও দেখাতো। পরে হাসাপাতালের অন্য

কর্মীরা ম্যানেজারের ঘরে ক্যামেরা বসায়। তাতেই বিষয়টি প্রকাশ্যে আসে। নির্যাতিতা স্বাস্থ্য কর্মীও পাশকুরা থানায় অভিযোগ দায়ের করেন।

এই ঘটনার প্রতিবাদে কর্মীরা গতকাল হাসপাতালে বিক্ষোভ দেখান। প্রতিবাদে সরব বিজেপিও। তাদের দাবি, অভিযুক্ত তৃণমূল কংগ্রসেরে সদস্য। শাসকদলের পক্ষ থেকে অবশ্য এই দাবি অস্বীকার করা হয়েছে।

এদিকে, মেডিক্যাল সার্ভিস সেন্টার পাঁশকুড়া হাসপাতালের ঐ ঘটনার পূর্ণাঙ্গ বিচারবিভাগীয় তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে। সংগঠনের রাজ্য সম্পাদক ডাক্তার বিপ্লব চন্দ্র এক বিবৃতিতে, সরকারি হাসপাতালে পিপিপি মডেলে বেসরকারি কোম্পানির অনুপ্রবেশ অবিলম্বে বন্ধ করারও দাবি জানিয়েছেন। তিনি বলেন, আরজিকর মেডিকেল কলেজে অভয়ার ন্যায়বিচার ১৩ মাস কেটে গেলেও পাওয়া যায়নি। অপরাধীরা শাস্তি না পাওয়ায় এই ধরনের ঘটনা ক্রমাগত বেড়ে চলেছে।

---------------------

স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতিকল্পে রাজ্য সরকার কলকাতার এসএসকেএম হাসপাতাল সহ বেশ কিছু ক্ষেত্রে পরিকাঠামোর আধুনিকীকরণের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এসএসকেএম হাসপাতালে এক অনুষ্ঠানে নব নির্মিত দু নম্বর উডবার্ন ওয়ার্ড ভবন অনন্যর সূচনা করবেন। এছাড়াও অনুষ্ঠান মঞ্চ থেকে সংশ্লিষ্ট হাসপাতাল ও স্বাস্থ্য দপ্তরের বেশ কিছু প্রকল্পেরও তাঁর উদ্বোধন করার কথা।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার কুলতলী ও মৈপীঠে বাঘের আক্রমনে মৃত ৬ জনের পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য বন দপ্তরকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বাঘের আক্রমণে কোনও মৎসজীবীর মৃত্যু হলে, তাঁর পরিবারকে সরকারিভাবে পাঁচ লক্ষ টাকা দেওয়ার কথা। কিন্তু নানা অজুহাতে সেই অর্থ আটকে

রাখা হচ্ছে এই অভিযোগ করে আদালতের দ্বারস্থ হয় ৬ টি পরিবার। বারংবার প্রশাসনের দ্বারস্থ হয়েও কোনো লাভ হয়নি বলে মামলাকারী- কুলতলির ভবানী হালদার, সুলতা জানা, বন্দনা মাইতি, দুর্গারাণি প্রামাণিক এবং মৈপীঠের মৃত মৎস্যজীবী কানাই ঘোষ ও হরিপদ মণ্ডলের স্ত্রীর দাবী।

এদিকে, বন দপ্তর জানিয়েছে, নিয়ম মেনে আবেদন করলে আর্থিক সাহায্য দেওয়া হয়। আগামী দিনে আদালতের নির্দেশ মেনেই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

---------------------

তিন মাস বন্ধ থাকার পর উত্তরবঙ্গের তিনটি জাতীয় উদ্যান আজ পর্যটকদের জন্যে খুলে দেওয়া হবে। বন দপ্তর সূত্রে জানা গিয়েছে, গরুমারা ও জলদাপাড়া জাতীয় উদ্যান এবং আলিপুরদুয়ারের বক্সা ব্যাঘ্র সংরক্ষন কেন্দ্রটি নতুন ভাবে সাজিয়ে তোলা হয়েছে। লাটাগুড়ি, জলদাপাড়া ও গরুমারা বনাঞ্চলে সাফারির জন্য জিপসি এবং গাইডের খরচ অবশ্য অপরিবর্তিত থাকছে।

উল্লেখ্য, বর্ষা ও বন্যপ্রাণীদের প্রজননের জন্যে প্রতিবছর ১৫ই জুন থেকে তিন মাস তিনটি জাতীয় উদ্যানে জনসাধারনের প্রবেশের ওপর নিষেধাজ্ঞা জারি থাকে।

---------------------

কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ - সিবিডিটি ২০২৫-২৬ অর্থবর্ষের জন্য আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা আরও একদিন অর্থাৎ আজ পর্যন্ত বাড়িয়েছে। গতকাল গভীর রাতে সামাজিক মাধ্যমে এক বার্তায় আয়কর দপ্তরের পক্ষ থেকে এই সময়সীমা বৃদ্ধির কথা জানানো হয়। তবে রক্ষণাবেক্ষণের কাজের জন্য রাত ১২ টা থেকে আড়াইটে পর্যন্ত পোর্টাল বন্ধ রাখা হয়।

আয়কর রিটার্ন দাখিলের শেষ দিন প্রথমে ধার্য হয়েছিল ৩১ শে জুলাই। পরে তা বাড়িয়ে করা হয় ১৫ ই সেপ্টেম্বর।

আয়কর দপ্তর সূত্রে আরও জানা গেছে, ২০২৫-২৬ বর্ষে ৭ কোটিরও বেশি আয়কর রিটার্ন ইতোমধ্যেই দাখিল করা হয়েছে।

---------------------

পণ্য পরিষেবা কর ব্যবস্থার সম্প্রতি সরলীকরণ হয়েছে। এই পরিবর্তন আগামী ২২ তারিখ থেকে কার্যকর হতে চলেছে। এই পরিবর্তনকে স্বাগত জানিয়েছেন অর্থনীতিবিদ অধ্যাপক পিনাকী চক্রবর্তী।

বাইট

---------------------

মোহনবাগান সুপার জায়ান্ট আজ এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু, র গ্রুপ সি, র ম্যাচে তুর্কমেনিস্তানের আহল এফ কে, র মুখোমুখি হবে।যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু সন্ধ্যে সাতটা পনেরোয়।

গ্রুপ সি তে বাকি দুই দল হলো জর্ডনের আল হুসেইন ও ইরানের সেপাহান। আগামী ৩০ শে সেপ্টেম্বর ইরানে সেপাহানের বিরুদ্ধে খেলবে মোহনবাগান।

এরপর ২১ শে অক্টোবর জর্ডনে আল হুসেইনের বিরুদ্ধে খেলবে সবুজ মেরুন।

৪ ঠা নভেম্বর সল্টলেক স্টেডিয়ামে ফের আল হুসেইন এর মুখোমুখি হবে মোহনবাগান। ২৫ শে নভেম্বর তুর্কমেনিস্তানে ফের আহালের বিরুদ্ধে খেলবে সবুজ

মেরুন। ২৩ শে ডিসেম্বর লিগ পর্বের শেষ ম্যাচে সল্টলেকে সেফানের বিরূদ্ধে খেলবে মোহ্নবাগান।

--------------------- ---------------------